



মাইলস্টোন স্কুলে বিমান দুর্ঘটনায় স্প্যানিশ ক্লাব বার্সেলোনার গভীর শোক প্রকাশ



সংগৃহীত ছবি

ঢাকার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বাংলাদেশ বিমান বাহিনীর একটি যুদ্ধবিমান বিধ্বস্ত হওয়ার মর্মান্তিক ঘটনায় শোক জানিয়েছে বিশ্বখ্যাত স্প্যানিশ ক্লাব এফসি বার্সেলোনা। দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের প্রতি সমবেদনা জানিয়ে বাংলাদেশে ক্লাবটির একমাত্র অফিসিয়াল ফ্যান ক্লাব ‘পেন্যা ব্লাউগ্রানা বাংলা বার্সা দে ঢাকা’র সদস্যদের উদ্দেশে একটি আনুষ্ঠানিক চিঠি পাঠিয়েছে ক্লাবটি।

চিঠিতে এফসি বার্সেলোনার বোর্ড অব ডিরেক্টরস-এর পক্ষ থেকে বলা হয়েছে, “ঢাকার একটি স্কুল ক্যাম্পাসে সম্প্রতি ঘটে যাওয়া বিমান দুর্ঘটনার খবরে আমরা গভীরভাবে মর্মান্বিত। ক্ষতিগ্রস্ত পরিবার ও সকল ভুক্তভোগীর প্রতি আমাদের আন্তরিক সমবেদনা জানাই।”

চিঠিতে আরও উল্লেখ করা হয়েছে, “এই ট্রাজেডিতে যেসব পেন্যা সদস্য প্রভাবিত হয়েছেন, তাদের প্রতি আমাদের সমর্থন ও সহানুভূতি রইল। আপনারা যেকোনো সহযোগিতার প্রয়োজন হলে, আমরা পাশে আছি।”

চিঠিতে স্বাক্ষর করেন এফসি বার্সেলোনার বোর্ড সদস্য ও সামাজিক কার্যক্রম বিভাগের পরিচালক জোসেপ ইগনাসি ম্যাসিয়া এবং পেন্যা বিভাগের প্রধান এনরিক বশ।

উল্লেখ্য, গত সোমবার একটি বিএএফ যুদ্ধবিমান মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের জুনিয়র সেকশনে বিধ্বস্ত হয়। এ ঘটনায় শিক্ষার্থীসহ অনেকে হতাহত হন, ফলে দেশব্যাপী শোকের ছায়া নেমে আসে। এই প্রেক্ষাপটে বার্সেলোনার আন্তর্জাতিক সহমর্মিতা ও মানবিক বার্তা বাংলাদেশের ফুটবলপ্রেমীদের আবেগাপ্লুত করেছে।